

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাজেট ও পরিবীক্ষণ অধিশাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১১৯.২০.০০১.১৯-২৩

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮  
১৩ জুন, ২০২১


**বিষয় :** উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তা রক্ষার্থে অতিরিক্ত ৫ জন অজীভূত আনসার সদস্যদের বেতন-ভাতাদি বাবদ বরাদ্দ এবং ১৫ জন অজীভূত আনসার সদস্যদের দৈনিক ভাতার উপর ২০% হারে অপারেশন কন্টিনজেন্সি খাতে অতিরিক্ত বরাদ্দের চাহিদা সংক্রান্ত।

- সূত্রঃ ১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পত্র নম্বর ৪৪.০০.০০০০.১১৫.১৬.০০৩.১৯.৪১, তারিখ: ৮ এপ্রিল ২০২১।  
২. নন্দীগ্রাম উপজেলার পত্র নম্বর ০৫.৫০.১০৬৭.০০০.০২.০০৫.২১.৫০৩, তারিখ: ২৯ এপ্রিল ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত (পত্র নং-০৪.০০.০০০০.৫১৪.০৬.০০১.২০-২২৫; তারিখ: ০৯-১১-২০২০ খ্রি:) মোতাবেক ১জন পিসি/এপিসি ও ৯ জন আনসার সদস্যসহ মোট ১০ জন অজীভূত সশস্ত্র আনসার সদস্যদের বেতন ভাতা চলতি (২০২০-২১) অর্থ বছরের সেপ্টেম্বর হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট থেকে পরিশোধ করা হচ্ছে। সম্প্রতি উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা রক্ষার্থে মোতামেনকৃত ১০ জন অজীভূত আনসার সদস্যদের অতিরিক্ত আরো ৫ জন আনসার সদস্য উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তা রক্ষার্থে মোতামেনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় অবহিত নয় এবং জননিরাপত্তা বিভাগ এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোন মতামতও গ্রহণ করেননি। উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তার জন্য অতিরিক্ত আনসার সদস্য মোতামেন করতে হলে তাদের বেতন ভাতাদি বাবদ বাজেট সংস্থান করা জনপ্রশাসন মন্ত্রণালয়ের পক্ষে সম্ভব হবে না (১জন পিসি/এপিসি ও ৯ জন আনসার সদস্যসহ মোট ১০ জন অজীভূত সশস্ত্র আনসার সদস্যদের বেতন ভাতা ব্যতীত)।


২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিয়োজিত উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত ১০ জন অজীভূত আনসার সদস্যের বরাদ্দকৃত মোট দৈনিক ভাতা ২০% অপারেশন কন্টিনজেন্সি বাজেট চাহিদা সুনির্দিষ্টভাবে (আনসার ও ডিডিপি অধিগুরের অপারেশন কন্টিনজেন্সি খাত সংক্রান্ত প্রাপ্ততার প্রমাণকসহ) উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো। ১০ জন আনসার সদস্যের দৈনিক ভাতার ২০% হারে অপারেশন কন্টিনজেন্সি এর চাহিদা পাওয়া গেলে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত বাজেট বরাদ্দ ও উপজেলা আনসারদের অপারেশন কন্টিনজেন্সি খাতে হিসাবের কোড খোলার অনুরোধ জানিয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে আগামী (২০২১-২২) অর্থ বছর থেকে অপারেশন কন্টিনজেন্সি খাত বাবদ উপজেলাসমূহে ১০ জন আনসারদের বিপরীতে বাজেট বরাদ্দ দেওয়ার প্রচেষ্টা নেয়া হবে।

সিনিয়র সচিব  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, আনসার অধিশাখা-২)

  
(মোঃ মাসুদ মাহমুদ চৌধুরী)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫১৪৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় সিজিএ ভবন সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধিনস্থ সকল জেলা/ উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারদের অবহিত করার অনুরোধসহ)
২. বিভাগীয় কমিশনার, (সকল)।
৩. জেলা প্রশাসক, (সকল)।
৪. সিনিয়র সিস্টেমস এ্যানালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল): উপজেলা নির্বাহী অফিসারগণদের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত ১ জন পিসি/এপিসিসহ মোট ১০ জন অঞ্জীভূত আনসার সদস্য ব্যতীত অতিরিক্ত কোন আনসার সদস্যের বেতন ও ভাতা জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট থেকে পরিশোধ না করার জন্য নির্দেশনা দেয়া হলো।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অফিস কপি/মাস্টার কপি।

  
(মোঃ মায়সুর মাহমুদ চৌধুরী)  
উপসচিব